

সংগীত কুমার | ক্যাম্পাস | 27 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন (বৈবিছাআ) শাখা চার দফা দাবিতে উপাচার্য বরাবর স্মারকলিপি প্রদান করেছে। মঙ্গলবার (২৭ মে) বিকাল সাড়ে ৩টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ বরাবর এ স্মারকলিপি প্রদান করেন তাঁরা।

স্মারকলিপিতে বলা হয়, প্রথম, আসন্ন ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে শুধু পিছিয়ে থাকা জনগোষ্ঠী ছাড়া সকল কোটা বাতিলের সিদ্ধান্ত নিতে হবে। দ্বিতীয়, জুলাই অভ্যুত্থানের বিপক্ষে নেতৃত্ব দেওয়া ব্যক্তিদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নিতে হবে। তৃতীয়, সেশনজট নিরসনে অনুঘটক ভিত্তিক একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন এবং বাস্তবায়ন করতে হবে। চতুর্থ, বহিরাগত মুক্ত ক্যাম্পাস নিশ্চিত করতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ বলেন, “দাবিগুলো যৌক্তিক এবং আমি দ্রুততম সময়ে দাবিগুলো বাস্তবায়নে চেষ্টা করব।”

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন